

যুবদলের কমিটি পূর্ণাঙ্গ করতে আলটিমেটাম

নিজস্ব প্রতিবেদক

৩ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ৩ জুলাই ২০১৯ ০১:১৯



যুবদলের কমিটি
আমাদের সময়

কমিটি পূর্ণাঙ্গ করতে কেন্দ্রকে ১৫ দিনের সময় বেঁধে দিয়েছেন যুবদলের পদপ্রত্যাশী নেতারা। না হলে আন্দোলনে যাওয়ার হুঁশিয়ারিও দিয়েছেন তারা। গতকাল মঙ্গলবার নয়ালপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে যুবদলের গত কমিটির নেতারা বৈঠক করে ১৫ দিনের মধ্যে কমিটি না হলে আন্দোলনে নামার সিদ্ধান্ত নেন। বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর সঙ্গে বৈঠকও করেন তারা। বৈঠকে থাকা যুবদলের গত কমিটির কেন্দ্রীয় এক নেতা বলেন, পূর্ণাঙ্গ কমিটি গঠনের বিষয়ে আলোচনা করতে তারা বৈঠক করেছেন। বৈঠকে আগামী ১৫ দিনের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি না করলে আন্দোলনে যাওয়ার সিদ্ধান্ত হয়। বিষয়টি বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীকে জানানো হয়েছে। সুপার ফাইভ পূর্ণাঙ্গ কমিটি জমা দিলেই কেন্দ্র ব্যবস্থা নেবে বলে আশ্বাস দিয়েছেন সিনিয়র যুগ্ম মহাসচিব। বৈঠকে সাবেক কমিটির নেতাদের মধ্যে উপস্থিত ছিলেন আবদুল খালেক হাওলাদার, গোলাম রাব্বানী, আলী আকবর চুন্নু, শহীদউল্লাহ তালুকদার, মাহবুবুল হাসান পিংকু, জাকির হোসেন সিদ্দিকী, আলী আশরাফ, আবদুল জব্বার, দীন মোহাম্মাদ, গাজী হাবিব হাসান রিন্টু, মো. মহসীন মোল্লা, শামসুর রহমান, জিএস বাবুল, জাহাঙ্গীর আলম দুলাল, গিয়াসউদ্দিন মামুন, নূরুল ইসলাম, বেলাল হোসেন লাভলু প্রমুখ। প্রসঙ্গত ২০১৭ সালের ৩ জানুয়ারি সাইফুল আলম নীরবকে সভাপতি এবং সুলতান সালাহউদ্দিন টুকুকে সাধারণ সম্পাদক করে পাঁচ সদস্যের নতুন কমিটি করা হয়। কিন্তু আড়াই বছরেও কমিটি পূর্ণাঙ্গ করতে পারেনি সুপার ফাইভ কমিটি।